

## কোভিড-১৯'এ আইভারমেস্টিনের ক্লিনিকাল ট্রায়ালে প্রমাণগুলির এক পৃষ্ঠার সংক্ষিপ্তসার

আইভারমেস্টিন, একটি পরজীৱী-বিরোধী ওষুধ যার আবিষ্কার 2015 সালের নোবেল পুরস্কার জিতেছে, পরীক্ষাগারের গবেষণায় এটি অত্যন্ত শক্তিশালী, অ্যান্টি-ভাইরাল এবং অ্যান্টি-ইনফ্লেমেটরি বৈশিষ্ট্যযুক্ত হিসেবে প্রমাণিত। গত 4 মাসে, বিশ্বজুড়ে একাধিক সেন্টার ও দেশে অসংখ্য, নিয়ন্ত্রিত ক্লিনিকাল ট্রায়ালগুলি আইভারমেস্টিন দিয়ে কোভিড-19 রোগীর চিকিৎসায় সামঞ্জস্যপূর্ণ, বড় রকমের উন্নতি নজর করা গেছে। এই রেফারেন্সযুক্ত ট্রায়ালগুলির আমাদের বিস্তৃত বৈজ্ঞানিক পর্যালোচনা ওপেন সায়েন্স ফাউন্ডেশন প্রাক-মুদ্রণ সার্ভারে এখানে পাওয়া যাবে: <https://osf.io/wx3zn/>.

### আইভারমেস্টিনের বৈশিষ্ট্য

- 1) আইভারমেস্টিন সার্স-কোভিড-2, ইনফ্লুয়েঞ্জা এবং অন্যান্য সহ অনেকগুলি ভাইরাসের পুনরারূপিত আটকায়;
- 2) আইভারমেস্টিনের প্রতিরোধের একাধিক প্রক্রিয়া সহ শক্তিশালী প্রদাহবিরোধী বৈশিষ্ট্য রয়েছে;
- 3) আইভারমেস্টিন ভাইরাল লোড কমায় এবং প্রাণী মডেলে অঙ্গের ক্ষতি থেকে রক্ষা করে;
- 4) এম্ব্রিওজেনের আগে বা পরে, যখনই নেওয়া হোক, আইভারমেস্টিন কোভিড-19'এর সংক্রমণ আটকায়;
- 5) আইভারমেস্টিন কোভিড-19 রোগীর সেরে ওঠা ত্বরান্বিত করে, হাসপাতালে ভর্তি হওয়া ও মৃত্যুর হার কমায়;
- 6) আইভারমেস্টিন বহু-বিস্তৃত ব্যবহারের ক্ষেত্রে মৃত্যুর হার অনেকটাই কমানোর দিকে নিয়ে যায়।

### 2021-র 11 জানুয়ারী পর্যন্ত কোভিড-19'এ আইভারমেস্টিনের কার্যকারিতাকে সহায়তাকারী তথ্যপ্রমাণ ভিত্তি

(আরসিটি = র্যান্ডোমাইজড কন্ট্রোল ট্রায়াল, ওসিটি = অবজার্ভেশনাল কন্ট্রোল ট্রায়াল)। প্রতিটি ক্লিনিকাল ট্রায়াল একটি উপকার দেখায়, আরসিটি এবং ওসিটি একই দিক এবং একই মাত্রা দেখায়; প্রায় সবগুলিই হলো পরিসংখ্যানগতভাবে তাৎপর্যপূর্ণ।

#### কোভিড-19 এর প্রতিরোধ অধ্যয়ন করা নিয়ন্ত্রণবদ্ধ ট্রায়াল (8টি ট্রায়াল সম্পূর্ণ হয়ে গেছে)

- সংক্রমণ হারে বড় রকমের পরিসংখ্যানগতভাবে উল্লেখযোগ্য হ্রাস সহ 3 আরসিটি, মোট 774 রোগী
- সংক্রমণ হারে বড় রকমের পরিসংখ্যানগতভাবে উল্লেখযোগ্য হ্রাস সহ 5 ওসিটি, মোট 2,052 রোগী

#### উভয় প্রারম্ভিক এবং হাসপাতালে ভর্তি হওয়া কোভিড-19 এ আক্রান্ত রুগীদের চিকিৎসায় নিয়ন্ত্রণবদ্ধ ট্রায়াল (19টি ট্রায়াল সম্পূর্ণ হয়ে গেছে)

- সেরে ওঠার সময়ে অথবা হাসপাতালের থাকার ব্যাপ্তিকালে বড় রকমের পরিসংখ্যানগতভাবে উল্লেখযোগ্য হ্রাস সহ 5 আরসিটি, মোট 774 রোগী
- অবনতি হবার/ হাসপাতালে ভর্তি হবার হারে বড় রকমের পরিসংখ্যানগতভাবে উল্লেখযোগ্য হ্রাস সহ 1 আরসিটি, মোট 363 রোগী
- ভাইরাল লোড অ্যানোস্মিয়ার দিনের সংখ্যা, কাশি অথবা সেরে ওঠার ব্যাপ্তিকালের মধ্যে বড় রকমের পরিসংখ্যানগতভাবে উল্লেখযোগ্য হ্রাস সহ 2 আরসিটি, মোট 85 রোগী
- মৃত্যু হবার ঘটনায় বড় রকমের উল্লেখযোগ্য হ্রাস সহ 3 আরসিটি, মোট 695 রোগী
- মৃত্যু হবার ঘটনায় বড় রকমের পরিসংখ্যানগতভাবে উল্লেখযোগ্য হ্রাস সহ 3 ওসিটি, মোট 1,688 রোগী

#### কোভিড-19'এ আইভারমেস্টিনের বিদ্যমান ক্লিনিকাল পরীক্ষার মধ্যে গবেষণা এবং রোগীর সংখ্যা

- সুসংহত কন্ট্রোল গ্রুপ ব্যবহার করে মোট 6,612 রোগী নিয়ে 27টি ট্রায়াল শেষ হয়েছে
- 2,500-রও বেশি রোগী নিয়ে 16টি ট্রায়াল সম্ভাব্য, এলোমেলো নিয়ন্ত্রিত গবেষণা
- 27টি ট্রায়ালের মধ্যে 11টি সমকক্ষদের পর্যালোচিত জার্নালে প্রকাশিত হয়েছে, 3,900 রোগী, বাকিটা প্রি-প্রিন্ট-এ রয়ে গেছে

#### ফ্রন্টলাইন কোভিড-19 ক্রিটিকাল কেয়ার অ্যালায়েন্স - কোভিড-19'এ আইভারমেস্টিনের সুপারিশ

এমনকি বিশ্লেষণকে শুধুমাত্র 16টি র্যান্ডোমাইজড কন্ট্রোল ট্রায়ালে সীমাবদ্ধ রেখে (সবমিলিয়ে 2,500-র বেশি রোগীর উপরে), বেশিরভাগই সংক্রমণ বা রোগের অগ্রগতি বা মৃত্যুর হারের পরিসংখ্যানগতভাবে উল্লেখযোগ্য হ্রাসের কথাই জানিয়েছে। এছাড়াও, সম্প্রতি একটি নিরপেক্ষ গবেষণা সংস্থা দ্বারা সম্পাদিত একটি মেটা-অ্যানালিসিস কোভিড-19'এ আইভারমেস্টিনের অকার্যকর হওয়ার সম্ভাবনা 6কোটি 70লক্ষের মধ্যে 1 হতে পারে বলে গণনা করেছে।<sup>1</sup> বিদ্যমান তথ্যপ্রমাণের সামগ্রিকতার উপর ভিত্তি করে, এফএলসিসিসি অ্যালায়েন্স কোভিড-19-র সমস্ত পর্যায়ের চিকিৎসা এবং রোগ এড়ানোর জন্য চিকিৎসা উভয়ের ক্ষেত্রেই আইভারমেস্টিনের ব্যবহারের জন্য একটি এ-1 সুপারিশ (এনআইএইচ রেটিং স্কিম; শক্তিশালী স্তর, উচ্চ মানের তথ্য প্রমাণ)-কে সমর্থন করে।

তা ছাড়াও, আমরা সমস্ত নিয়ন্ত্রক সংস্থাগুলিকে উপরের এই গবেষণার পাশাপাশি আমাদের একাধিক জনসংখ্যা-বিস্তৃত "স্বাভাবিক গবেষণা" বিশ্লেষণ করে আমাদের পাণ্ডুলিপি পর্যালোচনা করতে উৎসাহ কদিই যা আইভারমেস্টিন বিতরণ কার্যক্রম সূচনার পরে অসংখ্য শহর ও অঞ্চলে ঘটেছে।<sup>2</sup>

আইভারমেস্টিন ব্যাপক ব্যবহারের ফলে সংক্রমণ ও মৃত্যুর উল্লেখযোগ্যভাবে কমেছে যা এই এলাকাগুলিকে প্রাক-অতিমারী স্তরে নিয়ে গেছে। এই এলাকাগুলিতে যা ঘটেছে তার তথ্যপ্রমাণ অনুযায়ী, অতিমারী নিয়ন্ত্রণে আইভারমেস্টিন স্পষ্টতই চিকিৎসার একটি প্রয়োজনীয় এবং জরুরী উপাদান।

<sup>1</sup> ivmmeta.com

<sup>2</sup> Kory P, Meduri GU, Iglesias J, Varon J et al. 2020. Review of the Emerging Evidence Demonstrating the Efficacy of Ivermectin in the Prophylaxis and Treatment of COVID-19. *Open Science Foundation*. <https://osf.io/wx3zn/>